

# আজকের পত্রিকা

Dhaka -  
Copenhagen  
from  
BDT **67629**

ঢাকা বুধবার, ১৬ সেপ্টেম্বর ২০২০, ১ আশ্বিন ১৪২৭

প্রচ্ছদ প্রথম পাতা শেষ পাতা রাজধানী সারাদেশ বিশ্ব সংবাদ বিনোদন প্রতিদিন খেলার খবর শিল্প বাণিজ্য সম্পাদকীয় আয়োজন অনুশীলন

মতামত চিঠিপত্র অন্যান্য দ্বিতীয় সংস্করণ আজকের ফিচার দ্বাদশ রাশির পূর্বাভাস শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন

[হোম](#) » [তথ্যপ্রযুক্তি](#)

## আইসিটি ক্যাডারের প্রতি পূর্ণ সমর্থন :মোস্তাফা জব্বার

প্রিন্ট সংস্করণ ০০:০০, ১৫ সেপ্টেম্বর, ২০২০ | পাঠের সময়: ১.৩ মিনিট



### মোজাহেদুল ইসলাম

‘চতুর্থ শিল্প বিপ্লব এবং ডিজিটাল বাংলাদেশ’ শীর্ষক ওয়েবিনারে দেশের তথ্যপ্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, অধ্যাপক ও তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞদের আলোচনায় আগামীর বাংলাদেশ প্রযুক্তির দিক দিয়ে বিশ্বের মধ্যে অগ্রগণ্য ভূমিকা রাখবে বলে মতামত প্রকাশ করেন। আইসিটি পেশাজীবীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ কম্পিউটার সোসাইটি কর্তৃক আয়োজিত অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবুর সভাপতিত্বে এবং কাউন্সিলর মো. জারাফাত ইসলামের সঞ্চালনায় ওয়েবিনার অনুষ্ঠিত হয়।

ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ কম্পিউটার সোসাইটির জেনারেল সেক্রেটারি মো. তমিজ উদ্দীন আহমেদ ওয়েবিনারের প্রধান অতিথি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, আইসিটি ক্যাডারের প্রতি তাঁর পূর্ণ সমর্থন রয়েছে এবং কম্পিউটার পেশাজীবীদের জন্য পৃথক ক্যাডার খোলার ব্যাপারে তিনি সর্বদা তাঁর বলিষ্ঠ পদক্ষেপ অব্যাহত রাখবেন। এছাড়াও তিনি বলেন বাংলাদেশ কম্পিউটার সোসাইটি হলো বাংলাদেশের তথ্যপ্রযুক্তিবিদদের একটি প্রাচীনতম সংগঠন যার সহযোগিতার জন্য তিনি সর্বদা প্রস্তুত।

বিশেষ অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ এগিয়ে যাবে দূর থেকে বহুদূর।

বাংলাদেশ কম্পিউটার সোসাইটির প্রেসিডেন্ট অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে এবং মাননীয় আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণের ফলে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ ইতিমধ্যে অনেক দূর এগিয়ে গেছে। তিনি আরও বলেন, ভবিষ্যতে চতুর্থ শিল্প বিপ্লবকে কাজে লাগিয়ে বাংলাদেশের উন্নয়নের ধারাকে আরও বেগবান করতে হবে।

বাংলাদেশ কম্পিউটার সোসাইটির সভাপতি একইসাথে প্রধানমন্ত্রী ও আইসিটি উপদেষ্টার কাছে তথ্যপ্রযুক্তিবিদদের নানামুখী সমস্যা সমাধানের জন্য বিশেষভাবে অনুরোধ করেন।

মূল আলোচক অধ্যাপক ড. রামেশ্বর দেবনাথ ডিজিটাল বাংলাদেশের প্রেক্ষাপট ও চতুর্থ শিল্প বিপ্লবের অগ্রযাত্রার কথা তুলে ধরেন। এছাড়াও আলোচক হিসেবে যুক্ত ছিলেন অধ্যাপক ড. নাসিম আখতার এবং অধ্যাপক ড. মো. শামসুল আরেফিন প্রমুখ।



## You May Like

## Jobs That Pay Bangladesh To Work From Home?

Jobs in the UK | Search Ads

## The 25 Richest Men Alive And Their Wives

Cleverst

## 20 Movies That Are Considered To Be Almost Flawless

Tip Parents

## Prepare Yourself, This Actress Is Actually Gorgeous In Real Life

Dailyforest

## The Moments That Even Airport Security Found Jaw-Dropping

Student Sea

## Couple Confused When Photo Goes Viral, Till They See The Comments

Car Novels

## 30 Wedding Photos That Went Horribly Wrong


Gloriousa

## Policewoman Finally Talks About The Photos That Ended Her Career

Articles Vally


## Celebs Who Lost All Their Money And Can No Longer Afford Their Extravagant Lifestyles

Bedtimez



সর্বশেষ খবর

সর্বাধিক পঠিত



[জাপানকে তাইওয়ানের সঙ্গে সম্পর্ক না গড়ার আহ্বান চীনের](#)



[বেনাপোলে পেঁয়াজসহ প্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধি, ভ্রাম্যমাণ আদালতের জরিমানা](#)



[বর্ডারে আটকে থাকা পেঁয়াজ দু'একদিনের মধ্যেই প্রবেশের ব্যবস্থা করা হচ্ছে: বাণিজ্যমন্ত্রী](#)